

দৈনিক ইনকিলাব

তারিখ
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১৫ ...

স্কুল সময়ে ও সন্ধ্যায় টিভি চ্যানেলগুলোতে সিনেমা দেখানো বন্ধ করতে হবে প্রেসিডেন্ট

স্টাফ রিপোর্টার : গতকাল (রবিবার) প্রেসিডেন্ট প্রফেসর ডাঃ এ ফিউ এম বদরুন্নাছা চৌধুরী বলেছেন, শিক্ষা ব্যবস্থার সমন্বয়ের অভাবে সমতা ভিন্ন দিকে ধাবিত হচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এখন নৈতিক মূল্যবোধ সম্পর্কে কোন শিক্ষা দেয়া হয় না। পাশাপাশি চলছে বিভিন্ন টিভি চ্যানেলে দৈনিক ৩টি করে মাসে ৯০টি বাংলা সিনেমার প্রদর্শনী। ফলে কোন বাড়ীতে এখন আর লেখাপড়ার পরিবেশ

নেই। গ্রামের স্কুলগুলো এখন প্রায় ছাত্রশূন্য। স্কুল পালিয়ে ছেলে-মেয়েরা সিনেমা দেখে। সে সব সিনেমায় দুর্নীতি, সম্ভ্রাস ও অশ্লীলতা ছাড়া শেখার কিছু থাকে না। এ অবস্থা চলতে দিয়ে শুধু ভিত্তি বিতরণ করে সুন্দর সমাজ গঠন করা যাবে না। তিনি স্কুল টাইমে ও সন্ধ্যায় যাতে টিভি চ্যানেলগুলোতে সিনেমা দেখানো না হয়, সে ব্যাপারে সরকারকে পদক্ষেপ নেয়ার ৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

স্কুল সময়ে ও সন্ধ্যায় টিভিতে সিনেমা বন্ধ করতে হবে

৮-এর পৃষ্ঠার পর
আহবান জানান।

বাংলাদেশ লিটারেসী সোসাইটি (বিএলএস) আয়োজিত বাংলাদেশে 'মানব সম্পদ উন্নয়নের জন্য শিক্ষা' শীর্ষক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। সাবেক শিক্ষা সচিব ও তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা কাজী ফজলুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অধিবেশনে স্বাস্থ্যমন্ত্রী ডঃ বন্দুকার মোশাররফ হোসেন এমপি, তথ্যমন্ত্রী ডঃ আব্দুল মঈন খান এমপি, শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক এমপি, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী এ কে এম মোশাররফ হোসেন এমপি বক্তব্য রাখেন। উদ্বোধনী অধিবেশনে ৩টি সেমিনার পেপার উপস্থাপন করেন বিএলএস'র উপদেষ্টা পরিষদের সভাপতি ও সাবেক তথ্যমন্ত্রী ডঃ মীজানুর রহমান শেলী, জ্ঞানগর বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ডঃ কাজী সালেহ আহমদ ও বিএলএস'র নির্বাহী পরিচালক অধ্যাপক মোঃ ওসমান গনি।
প্রেসিডেন্ট ডাঃ বি. চৌধুরী বলেন, সরকারী

প্রাইমারী স্কুলগুলোতে এখন লেখাপড়ার মান অতি নিম্নে। ক্লাসে কোন ডিকটেশন দেয়া হয় না, শেখানো হয় না। সরল বিশ্বাসে অভিভাবকগণ স্কুলে সন্তান পাঠিয়ে নিশ্চিত থাকেন। কিন্তু স্কুলগুলোতে নিয়মিত ক্লাস হয় না। এক্ষেত্রে শিক্ষকরা দায়িত্ব এড়াতে পারেন না। স্কুলগুলোতে ছাত্র-ছাত্রীদের নিয়মিত হোম টাঙ্ক নিতে হবে, বারান, শব্দের উচ্চারণ শেখাতে হবে। লেখাতে হবে, পড়াতে হবে। বাংলা ও ইংরেজী ভাষায় দক্ষ করে গড়ে তুলতে হবে। তিনি বলেন, আমাদের দেশে মেধার কোন অভাব নেই। ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ভেয়ার বলেছেন, তোমাদের দেশে এমনসব মেধাবী শিশুরা রয়েছে, তারপরও তোমরা উন্নতি করতে পারছো না কেন? এ প্রশ্নের জবাব শিক্ষকদের দিতে হবে। তিনি অভিভাবক শ্রেণীর ব্রিভিলেজ শিক্ষা মাধ্যম বা ইংলিশ মিডিয়াম স্কুল, বেসরকারী কলেজ-বিশ্ব বিদ্যালয়ের উন্নত শিক্ষা ও সরকার নিয়ন্ত্রিত স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোর বহুমাত্রিক শিক্ষা ব্যবস্থাকে জাতীয় উন্নতি ও অগ্রগতির দ্বার্থে সমন্বয় কর আহবান জানান। তিনি বলেন, শিক্ষার মান উন্নয়নে একদিন শিক্ষক, অভিভাবক ও ছাত্র পালন করা উচিত।